মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মেহেরপুর পৌর বিএনপির উদ্যোগে আলোচনা সভা, খাবার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে শহরের ভূমি অফিসপাড়ায় পৌর বিএনপির দক্ষিণ শাখা কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ বারী ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, “শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, গণতন্ত্র ও জাতীয়তাবাদী চেতনার অন্যতম প্রবর্তক। দেশের সংকটময় সময়ে তিনি নেতৃত্ব দিয়ে জাতিকে ঐক্যবদ্ধ করেছিলেন। তাঁর আদর্শ ও কর্মময় জীবন নতুন প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।”

তিনি আরও বলেন, “জিয়াউর রহমানের আদর্শ বাস্তবায়নে বিএনপির নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা এবং জনগণের অধিকার আদায়ের আন্দোলনে সবাইকে সক্রিয় ভূমিকা রাখতে হবে।”

আলোচনা সভা শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে উপস্থিত নেতাকর্মী ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে পৌর বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী পালন

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তনে জেলা বিএনপির উদ্যোগে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের সাবেক প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রোমানা আহমেদ, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, আখেরুজ্জামান, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনাসহ উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক মশিউর রহমান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু ও সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ অন্যান্য নেতৃবৃন্দ।

বক্তারা তাদের বক্তব্যে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রাজনৈতিক জীবন, দেশের স্বাধীনতা, উন্নয়ন এবং বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠায় তাঁর অবদানের কথা তুলে ধরেন। তারা তাঁর আদর্শ ধারণ করে দেশ ও জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এ সময় জেলা বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বারাদীতে জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী পালন

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে বারাদী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ইউনিয়ন বিএনপির আয়োজনে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা সেলিম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

হাসানুজ্জামান বিট্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ রহমান বাবলু মাস্টার।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুণ বলেন, “ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ‘সবার আগে বাংলাদেশ’। আর এই ‘সবার আগে বাংলাদেশ’ গড়তে হলে, বাংলাদেশের মানুষের অধিকার প্রতিষ্ঠা করতে হলে এবং বঞ্চিত মানুষের অধিকার ফিরিয়ে দিতে হলে বিএনপিকে শক্তিশালী করতে হবে। তারেক রহমান যে বাংলাদেশের স্বপ্ন দেখেন এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে স্বপ্ন দেখেছিলেন, সেই স্বপ্ন বাস্তবায়নে সর্বপ্রথম বিএনপিকে বাঁচাতে হবে।”

এ সময় বারাদী ইউনিয়ন বিএনপি ও এর বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় জাতীয় কবি নজরুলের জন্মজয়ন্তী পালন

আলমডাঙ্গায় উদ্ভাস সাহিত্য সংস্থার আয়োজনে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী পালন করা হয়েছে। আজ শনিবার বেলা ১১টায় উদ্ভাস সাহিত্য পরিষদের কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কবি কাজী নজরুল ইসলামের সারস্বত বাণী

“আমাকে ক্ষমা করবেন, আমায় ভুলে যাবেন। আমি কবি হতে আসিনি। আমি প্রেম দিতে এসেছিলাম, আমি প্রেম পেতে এসেছিলাম। সে প্রেম পেলাম না বলে, আমি এই প্রেমহীন নীরস পৃথিবী থেকে নিরব অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম” এই মহান বাণীকে ধারণ করে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্ভাস সাহিত্য সংস্থার সভাপতি কবি কহন কুদ্দুসের সভাপতিত্বে উদ্ভাসের হাইরোড কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক সাহিত্যিক খন্দকার হামিদুল ইসলাম আজম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কথাসাহিত্যিক আনোয়ার রশীদ সাগর।

এছাড়াও উপস্থিত ছিলেন মাধবপুর মডেল হাইস্কুলের প্রধান শিক্ষক আশরাফ জাহান আবেদ, গবেষক হেলাল উদ্দিন, প্রাবন্ধিক কামরুজ্জামান টুটুল, জি.কে. মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশীদ, ইসলামি কথাসাহিত্যিক মোহাম্মদ শাহ আলম নান্দী, ছড়াকার মো. মানোয়ার হোসেন, রাকিবুল ইসলাম প্রমুখ।

বক্তারা জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

মেহেরপুরে শ্রমিক কল্যাণ ফেডারেশনের মে দিবস পালন

মেহেরপুর জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে শোভাযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আয়োজিত শোভাযাত্রা শেষে সমাবেশে সভাপতিত্ব করেন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মকল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা নায়েবে আমীর মহাবুব উল আলম।

এ সময় আরও উপস্থিত ছিলেন, জেলা রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলার, সহ-সভাপতি শাকিল হোসেন সাব্বির, সাধারণ সম্পাদক আবুল কাশেম লিটন, সহ-সাধারণ সম্পাদক সাদেকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক তাওফিকুল ইসলাম, শ্রমিক নেতা আবুল হোসেনসহ ফেডারেশনের নেতাকর্মীরা।

সমাবেশ শেষে জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের হাতে একটি স্মারকলিপি প্রদান করা হয়। পরে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের স্বাধীনতা দিবস পালন

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে মেহেরপুরের অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর আয়োজনে শুক্রবার বিকালে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা, কবিতা আবৃত্তি ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর সভাপতি অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন সংগঠনের সহ-সভাপতি নূরুল আহমেদ এবং নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কবি ও গীতিকার বাশরী মোহন দাস, সংগঠনের প্রচার ও প্রকাশনা সম্পাদক আবু নায়েছ লাবলু, সদস্য মোঃ শাহজাহান, আবুল হাসেম, কবি মাহফুজা সুলতানা সুমি, শিল্পী ও কবি আসাদুল ইসলাম খোকন প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় অনুষ্ঠানে কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি ম. গোলাম মোস্তফা, মুহাম্মদ মহসীন, এস. এম. এ. মান্নান, বাশরী মোহন দাস, শফিকুর রহমান সেন্টু, নূর হোসেন, সাইফুল ইসলাম ও বদরুদ্দোজা বিশ্বাস প্রমুখ।

আলমডাঙ্গায় গণহত্যা ও স্বাধীনতা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলা হলরুমে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার।

সভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা শারমিন আক্তার, প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. এস এম মাহামুদুল হক, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আহসান হাবিব, একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান,

বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী, বীর মুক্তিযোদ্ধা শফি উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা নওয়াব আলী, আলমডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যাপক ডা. মাহাবুব আলম, মহিলা কলেজের সহকারী অধ্যাপক আব্দুল কুদ্দুস, হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যাপক কবি আসিফ জাহান, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল হক, জামায়াতের সেক্রেটারি মামুন রেজা, উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপির সভাপতি আজিজুল হক পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিলন, ইকবাল হোসেন, রেবা রানী সাহা প্রমুখ।

মেহেরপুরে ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বর্ণাঢ্য আয়োজনে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে এক জমকালো র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর কোর্ট মোড় এলাকা থেকে শুরু হওয়া বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড়ে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। র্যালিতে শিবিরের নেতাকর্মীদের পাশাপাশি বিপুল সংখ্যক সাধারণ ছাত্র ও যুবক অংশগ্রহণ করেন, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

সমাবেশে বক্তারা বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের প্রতিষ্ঠার ঐতিহাসিক গুরুত্ব, সংগঠনের আদর্শিক লড়াই-সংগ্রাম এবং দেশের ছাত্রসমাজের মধ্যে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার অঙ্গীকার তুলে ধরেন। তারা বলেন, বিগত সময়ের নির্যাতন ও নিপীড়ন সত্ত্বেও

শিবিরের নেতাকর্মীরা অটুট দৃঢ়তা ও ত্যাগের মাধ্যমে সংগঠনকে আরও শক্তিশালী ও জনপ্রিয় করে তুলেছে। বক্তারা দেশের যুবসমাজকে ইসলামী আদর্শে উজ্জীবিত হয়ে দেশগঠনে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

র্যালি ও সমাবেশে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দীন খান। এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিবিরের সভাপতি আব্দুস সালাম, সেক্রেটারি সাইদুর ইসলাম, সাবেক সভাপতি সোহেল রানা ডলার, ইকবাল হুসাইন, শাকিল হোসেন সাব্বির, আবু সাঈদ সম্রাট, মেহেদী হাসান, সাখাওয়াত হোসেন, শহর সভাপতি আবু রায়হান, সেক্রেটারি হাসানুজ্জামান, গাংনী শিবির সভাপতি শিহাব ইসলাম, সেক্রেটারি আল জাবির মুজিব সভাপতি শিশির ইমরান, সেক্রেটারি রাসেল মাহমুদ, সদর পূর্ব সভাপতি আলমগীর হোসেন, সদর পশ্চিম সভাপতি হাবিবুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রশিবির সভাপতি কামরুল ইসলাম নাহিদসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে মেহেরপুর জেলা শিবিরের নেতৃত্ব তাদের সাংগঠনিক শক্তি ও জনপ্রিয়তার প্রতিফলন ঘটিয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। নেতারা জানান, আগামী দিনগুলোতে আরও ব্যাপক কর্মসূচির মাধ্যমে ছাত্রসমাজকে ইসলামী আদর্শে উদ্বুদ্ধ করার কার্যক্রম অব্যাহত থাকবে।

ঝিনাইদহে ভিডিপি দিবস পালন

‘সামাজিক নিরাপত্তা ও উন্নয়নের অঙ্গীকার ‘ এই শ্লোগানে ঝিনাইদহে গ্রাম প্রতিরক্ষা দল (ভিডিপি) দিবস পালিত হয়েছে।

সোমবার (৫ জানুয়ারি) সকালে জেলা আনসার ভিডিপি অফিস প্রাঙ্গণে বেলুন উড়িয়ে দিবসটির উব্দোধন করা হয়। পরে সেখান থেকে একটি বর্ণাঢ্য রালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জেলা কমান্ড্যান্ট মিজানুর রহমান, সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আমিন উদ্দিন, শৈলকুপা উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

আব্দুল জলিল, মহেশপুরের সহিদুল ইসলাম, হরিণাকুন্ডুর হাসিবুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, আইনশৃঙ্খলা রক্ষা, আর্থসামাজিক উন্নয়ন, নির্বাচন ও দুর্যোগ ব্যবস্থাপনায় ভিডিপির ভূমিকা গুরুত্বপূর্ণ উল্লেখ করে তৃণমূল পর্যায়ে জনসচেতনতা ও উন্নয়ন কার্যক্রমে সদস্যদের আরও সক্রিয় হওয়ার আহ্বান জানান।

দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজসেবা দিবস পালন

দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজ সেবা দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে দায়সারাভাবে র্যালী ও আলোচনা সভা করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টায় দামুড়হুদা উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে চার কর্মকর্তা সহ গুটি কয়েকজনকে নিয়ে র্যালী শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো উবায়দুর রহমান সাহেল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন।